

# KANYASHREE UNIVERSITY

M.A. 4<sup>th</sup> Semester Examination-2024

Subject: Bengali

Course-CC 15

Bengali Literature Written in Bangladesh

পূর্ণমান- ৪০

সময় -২ ঘন্টা

## বিভাগ - ক

(যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন)

[৫ × ৪ = ২০]

১। "তুমি আসবে বলে হে স্বাধীনতা / অবুঝ শিশু হমাগুড়ি দিল পিতামাতার লাশের উপর"।

স্বাধীনতা আসার আগে রক্তাক্ত বাংলাদেশের যে করুণ চিত্র শামসুর রাহমানের কবিতায় প্রকাশিত হয়েছে তা নিজের ভাষায় লিখুন।

২। "লোকে বলে বাংলাদেশ এ কবিতার আকাল এখন"-- কবিতার আকালের নেপথ্যে যে কারণ কবি নির্দেশ করেছেন সেটি উল্লেখ করুন।

৩। 'চিলেকোঠার সেপাই' এর আখ্যান শেষে জুম্মুনই হয়ে উঠেছে পরিবর্তিত নাগরিক সমাজের নিম্নবর্গীয় প্রতিনিধি।' বক্তব্যটির যথার্থতা বিচার করুন।

৪। 'চিলেকোঠার সেপাই' এ ওসমান চরিত্রটির গুরুত্ব আলোচনা করুন।

৫। "আলো আর আঁধারের যে তফাৎ, অক্ষর জানা আর না জানা মানুষের মধ্যে ঠিক সেই তফাৎ।" কে কাকে এ কথা বলেছে? আলো আঁধারের তফাৎ দূর করার জন্য বক্তা ভূমিকা কী নিয়েছিল তা উপন্যাস অনুসরণে সংক্ষেপে উল্লেখ করুন।

৬। 'দিনকালের কাঠখড়' উপন্যাসে "সুন্দরবন স্বয়ং চরিত্র হয়ে উঠেছে" .....মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করুন।

৭। 'দিনকালের কাঠখড়' উপন্যাসে বৃদ্ধা হনুফা বিবির জীবনচর্যা সম্পর্কে আপনার অভিমত লিখুন।

## বিভাগ - খ

(যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দিন)

[১০ × ২ = ২০]

১। 'আমার নিজস্ব রবীন্দ্রনাথকে /আমি আবিষ্কার করেছি ক্রমাশয়ে'... এই আবিষ্কারের যাত্রা পথের আনন্দ গানটি "কবিতার সঙ্গে গেরস্থালি" কবিতা অবলম্বনে আলোচনা করুন।

২। "দিনকালের কাঠখড়" উপন্যাসে সংখ্যালঘু সম্প্রদায়ের প্রতি নিপীড়নের যে বিবরণ পাওয়া যায়, সে সম্পর্কে আপনার অভিমত ব্যক্ত করুন।

৩। "চিলেকোঠার সেপাই" উপন্যাসে উনসত্তরের গণঅভ্যুত্থানের যে আখ্যান ফুটে উঠেছে তার উল্লেখ করুন।

৪। "আগুনপাখি" উপন্যাসের কথক নারী চরিত্রটি দেশবিভাগের প্রেক্ষাপটে স্বদেশের মাটি আঁকড়ে পড়ে থাকা এক ব্যতিক্রমী প্রতিবাদী নারী সত্তার প্রতীক স্বরূপ। .... উপন্যাস অনুসরণে মন্তব্যটির যথার্থতা নিরূপণ করুন।

\*\*\*\*\*